দৈনিক ইনকিলাব

তারিখ ... পৃষ্ঠা ১ কলাম ৬

AUG 06 2002

প্রধানমন্ত্রী শিগগিরই ভাইস চ্যান্সেলরদের সাথে বৈঠক করবেন

স্টাফ রিপোর্টার ঃ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া দেশের বিশ্ববিদ্যালয়সমূহের সার্বিক পরিস্থিতি জানার জন্য শিগগিরই ভাইস চ্যান্সলরদের নিয়ে একটি বৈঠক করবেন। খবর বিশ্বস্ত সূত্রের। উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শান্তিপূর্ণ পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে প্রধানমন্ত্রী এ ধরনের একটি বৈঠকের উদ্যোগ নিতে যাচ্ছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে গত ২৩ জুলাই ছাত্রদলের নেত্রীদেরকে জিম্মি করা এবং পরবর্তীতে মধ্যরাতে হলে পুলিশী অভিযানের ঘটনাটিকে পরিকল্পিত ষড়যন্ত্রের অংশ হিসেবেই সরকার মনে করে। এই

২-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

প্রধানমন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর

ঘটনাকে পুঁজি করেই সাধারণ ছাত্রদের দিয়ে একটি মহল ক্যাম্পাসে অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি করতে সক্ষম হয়। এই ঘটনার পিছনে রাজনৈতিক প্রতিপক্ষ সক্রিয় থাকার পেছনের কারণটিও এখন সরকারের কাছে স্পষ্ট হয়েছে। ষড়যন্ত্রকারীদের পেতে রাখা ফাঁদে পা দিয়ে ভিসি অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরীর বিদায় অনিবার্য করার বিষয়টি সরকার খুবই গুরুত্বের সাথে বিবেচনা করছে। তারও আগে বুয়েটে মেধাবী ছাত্রী সনি গুলীবিদ্ধ হয়ে নিহত হওয়ার পিছনেও যে ষড়যন্ত্র ছিল বিভিন্ন গোয়েন্দা সংস্থা সরকারকে সে ব্যাপারেও নিশ্চিত করেছে বলে জানা গেছে। এই পরিস্থিতিতে সরকার ইতোমধ্যেই সকল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট সংস্থাকে সতর্কতার সাথে কাজ-কর্ম করার পরামর্শ দিয়েছে। এদিকে সরকার বিশ্ববিদ্যালয়গুলোর যেসব সমস্যা রয়েছে সেগুলো দূর করার জন্যও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে।

প্রধানমন্ত্রী বিশ্ববিদ্যালয়সমূহের ভাইস চ্যান্সেলরদের সাথে আলাপ-আলোচনা করে সকল বিশ্ববিদ্যালয়ের সব ধরনের সমস্যা সম্পর্কে অবহিত হতে চান। সর্বোপরি কোন কোন বিশ্ববিদ্যালয়ে রাজনৈতিক প্রতিপক্ষ পরিকল্পিতভাবে বিঘ্ন সৃষ্টির কোন অপচেষ্টা করছে কিনা তাও বৈঠকে আলোচনায় আসার সম্ভাবনা রয়েছে। প্রধানমন্ত্রী তাঁর কার্যালয়ের একজন কর্মকর্তাকে বৈঠকের ব্যাপারে ভিসিদের সাথে যোগাযোগ করার জন্য নির্দেশ দিয়েছেন বলে জানা গেছে।